দৈনিক ইত্তেফাক

তারিখ 22 MAY 1993 পৃষ্ঠা ১ কলাম ৩

# বাংলাদেশকে বিজ্ঞান ও প্রযুক্তির ক্ষেত্রে অগ্রগতি অর্জন করিতে হইবে

............................ অধ্যাপক সালাম

নোবেল পুরস্কার বিজয়ী অধ্যাপক আবদুস সালাম গতকাল শুক্রবার প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার সহিত সাক্ষাত করেন। বাসস জানায়, সাক্ষাতকারের সময় অধ্যাপক সালাম উন্নয়নের পথের সকল বাধা অপসারণের লক্ষ্যে বাংলাদেশকে বিজ্ঞান ও প্রযুক্তির ক্ষেত্রে অগ্রগতি অর্জন করিতে হইবে। তিনি মালয়েশিয়া ও ইন্দোনেশিয়ার উদাহারণ উল্লেখ করিয়া বলেন, সাম্প্রতিক বছরগুলিতে এই দুইটি

(১১শ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## অধ্যাপক সালাম

(প্রথম পৃঃ পর)

দেশ বিজ্ঞান ও প্রযুক্তির ক্ষেত্রে প্রভূত উন্নতি সাধন করিয়াছে। তিনি আশা প্রকাশ করেন যে, বাংলাদেশ খ্যাতনামা বিজ্ঞানী তৈয়ার করিতে পারিবে এবং বৈজ্ঞানিক ও প্রযুক্তির ক্ষেত্রে সফলতা অর্জনে সর্বাত্মক প্রচেষ্টা চালাইবে।

৬৭-বছর বয়স্ক পাকিস্তানী পদার্থ বিজ্ঞান অধ্যাপক সালাম বলেন, বাদলাদেশের ন্যায় একটি জনবহুল দেশের জন্য বিজ্ঞান ও প্রযুক্তির উন্নয়ন অত্যাবশ্যক। বাংলাদেশকে পদার্থ বিজ্ঞানের উন্নয়নের উপর জোর দেওয়ার জন্য তিনি পরামর্শ দিয়াছেন। তিনি প্রধানমন্ত্রীকে বলেন, তরুণ বিজ্ঞানীদের উচিত পরিবেশগত উন্নয়নের দিকে নজর দেওয়া।

প্রধানমন্ত্রী বাংলাদেশের প্রতি তাঁহার অনুভূতির জন্য অধ্যাপক সালামকে ধন্যবাদ জানান। তিনি বলেন, সারাবিশ্ব বিশেষ করিয়া বাংলাদেশ এবং তৃতীয় বিশ্বের দেশ ও উহার জনগণের জন্য অধ্যাপক সালামের ন্যায় বিজ্ঞানীর প্রয়োজন। একটি হুইল চেয়ারে বসিয়া অধ্যাপক সালাম প্রধানমন্ত্রীর সহিত সাক্ষাৎ করেন। এই সময় তাঁহার সফরসঙ্গী বিজ্ঞানীরাও ছিলেন। শিক্ষামন্ত্রী জমিরউদ্দিন সরকারও এই সময় উপস্থিত ছিলেন। প্রধানমন্ত্রী অসুস্থ বিজ্ঞানীর দ্রুত রোগমুক্তি কামনা করেন।

অধ্যাপক সালাম বলেন, বাংলাদেশের প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষার উপর গুরুত্ব দেওয়া উচিত। তিনি প্রধানমন্ত্রীকে জানান যে, ইটালীতে অবস্থিত তাঁহার আন্তর্জাতিক তত্ত্বীয় পদার্থবিদ্যা কেন্দ্রে ৩ জন বাংলাদেশী কাজ করিতেছেন এবং এই কেন্দ্রে চীনের পর কোন একক দেশের এটাই সর্বাধিক সংখ্যক বিজ্ঞানী।

অধ্যাপক সালাম আজ শনিবার শেরে বাংলা নগরে বিজ্ঞান, প্রযুক্তি ও পরিবেশ সংক্রান্ত আন্তর্জাতিক কেন্দ্রের ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে যোগদান করিবেন। তিনি সাক্ষাৎকারের সময় প্রধানমন্ত্রীকে কেন্দ্রের প্রতি অগ্রাধিকার প্রদানের অনুরোধ জানান। প্রধানমন্ত্রী তাঁহার অনুরোধ রক্ষা করা হইবে বলিয়া জানান।

পূর্ববর্তী খবরে বলা হয়, নোবেল পুরস্কার বিজয়ী বিজ্ঞানী অধ্যাপক আবদুস সালাম গতকাল অপরাহ্নে ৫ দিনের সফরে ঢাকা পৌঁছিলে শিক্ষামন্ত্রী জমিরউদ্দিন সরকার বিমান বন্দরে তাহাকে স্বাগত জানান। অন্যান্যের মধ্যে পাকিস্তানের রাষ্ট্রদূত আনোয়ার কামাল বিমান বন্দরে এই সময় উপস্থিত ছিলেন।

আগামী রবিবার এক বিশেষ অনুষ্ঠানের মাধ্যমে ঢাকা বিশ্ববিদ্যালয়ের পক্ষ হইতে এই বিশিষ্ট বিজ্ঞানীকে সম্মানসূচক ডক্টর অব সায়েন্স ডিগ্রী প্রদান করা হইবে।